



# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)



(একটি রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানি)

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা), ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০

ফোন: +৮৮-০২-৯৩৩৬৫০৮, ৮৮৩১৯১২৫, ৮৮৩১৭৫১৫ (পিএবিএক্স)

ওয়েবসাইট: [www.boesl.gov.bd](http://www.boesl.gov.bd)

নং-৪৯.০২.০০০০.০০১.১১.০০১.১৮/৫৯০

তারিখ: ২৯ আশ্বিন ১৪২৭

১৪ অক্টোবর ২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)-এর নিম্নোক্ত শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত নিম্নের বর্ণনামুযায়ী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ছকে কুরিয়র/ডাকযোগে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক নম্বর	পদের নাম ও বেতন স্কেল	শূন্য পদের সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	সহকারী মহাব্যবস্থাপক (হিসাব, অর্থ ও নিরীক্ষা) গ্রেড-৭ বেতন স্কেল: (২৯০০০-৬৩৪১০)	০১ টি	<b>শিক্ষাগত যোগ্যতা:</b> সংশ্লিষ্ট ক্ষেত্রে ৮ বৎসরের অভিজ্ঞতাসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ব্যবসা প্রশাসনে (একাউন্টিং/ ফিন্যান্স-এ মেজর) পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি; অথবা একাউন্টিং/ফিন্যান্স-এ মাস্টার্স ডিগ্রিসহ সিএ ইন্টার পাস অথবা সিএ কোর্স সম্পন্ন। <b>অভিজ্ঞতা:</b> ১) বৃহৎ সরকারী সংস্থা/ কোম্পানীতে একাউন্টিং বা ফিন্যান্স-এর কাজে ০৮(আট) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ২) সরকারী/ আধা সরকারী/ স্বায়ত্বশাসিত/ স্বনামধন্য বানিজ্যিক প্রতিষ্ঠানে অনুরূপ উচ্চ পদে কর্মরত প্রার্থী অগ্রাধিকার পাবে। ৩) আন্তর্জাতিক শ্রমবাজার ও বিদেশ ভ্রমণ সংক্রান্ত জ্ঞান থাকতে হবে। ৪) বাংলা ও ইংরেজি ভাষায় লেখার ও বলার দক্ষতা থাকতে হবে। ৫) সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ আইন, কোম্পানি আইন, শ্রমআইন, কর্পোরেট গভার্নেন্স, ইত্যাদি-তে জ্ঞান এবং প্রতিকূল পরিস্থিতিতে কাজ ও ব্যবস্থাপনায় সক্ষম হতে হবে। ৬) কম্পিউটার চালনায় পারদর্শীতা থাকতে হবে। ৭) শিক্ষা জীবনে কোনো ৩য় বিভাগ গ্রহণ যোগ্য নয়। ন্যূনতম ২.৫ সিজিপিএ থাকতে হবে। <b>বয়স:</b> ১৪/১০/২০২১ ইং তারিখে ন্যূনতম ৩৫ বছর হতে হবে।

### আবেদনের শর্তাবলি:

- আবেদনকারীকে বোয়েসেল প্রদত্ত নির্ধারিত আবেদন ফরম এবং প্রবেশপত্র যথাযথভাবে পূরণ পূর্বক স্বাক্ষরিত আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে (দুই সেট)। আবেদনপত্র ও প্রবেশ পত্রের ফরম বোয়েসেল-এর ওয়েব সাইটে ([www.boesl.gov.bd](http://www.boesl.gov.bd)) পাওয়া যাবে।
- আবেদনকারীর বয়স ১৪.১০.২০২১ খ্রি. তারিখ ন্যূনতম ৩৫ বছর হতে হবে।
- জন্মসূত্রে বাংলাদেশি নাগরিকরা আবেদন করতে পারবেন।
- প্রার্থীর বয়সের ক্ষেত্রে কোনো অ্যাফিডেভিট গ্রহণ যোগ্য নয়।
- ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- সরকারি, আধাসরকারি বা স্বায়ত্বশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- আবেদনপত্র প্রেরণের খামের উপর পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- কেউ তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- আবেদনের সঙ্গে 'বোয়েসেল, ঢাকা' এর অনুকূলে প্রার্থীদের ৫০০/- (পাঁচশ) টাকার অফেরত যোগ্য পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট প্রদান করতে হবে।
- আবেদন পত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদ পত্রের সত্যায়িত ফটোকপি (খ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের মেয়র/ কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিক ও চারিত্রিক সনদপত্র (গ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধনসহ প্রযোজ্য অন্যান্য সনদ/প্রত্যয়ন পত্রের সত্যায়িত ফটোকপি এবং (ঘ) অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- মৌখিক পরীক্ষার সময় আবেদনকারীকে সকল সনদ পত্রের মূলকপি সাথে আনতে হবে।
- সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৫ (পাঁচ) কপি রঙিন ছবি (সত্যায়িত) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- প্রার্থীদের লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোনো ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।
- নিয়োগের ক্ষেত্রে যে-কোনো সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।
- উল্লিখিত পদ সংখ্যার হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- আবেদনপত্র "ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, (৫ম তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০" বরাবর আগামী ০৯.১১.২০২১ খ্রি. তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে। আবেদনপত্র ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে পাঠানো যাবে। নির্ধারিত তারিখের পরে কোনো আবেদন পত্র গ্রহণ করা হবে না।

কোম্পানি সচিব  
বোয়েসেল।